

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম।

### অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোহাম্মদ মাহবুব আলী, পিতা- হাজী সৈয়দ আহমদ, মাতা- হাজী মমতাজ বেগম, ব্যবসায়িক ঠিকানা-মেসার্স এইচ এস এম কর্পোরেশন, হাজী জানে আলম ভবন(বিতীয় তলা), কালামিয়া বাজার, পশ্চিম বাকলিয়া, ডাকঘর- জিপিও-৪০০০, থানা - বাকলিয়া, জেলা-চট্টগ্রাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা- "নিরিবিলি" দলিল রহমান-এর বাড়ি, আবুল লতিফ হাট, পূর্ব বাকলিয়া, ডাকঘর- জিপিও-৪০০০, থানা - বাকলিয়া, জেলা-চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রির বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রির আম-মোকার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ে ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগৃহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ০৮.১০.২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৪,৪২,৪০,৬১২.৬৩ (চার কোটি বিয়াল্টিশ লক্ষ চাল্লিশ হাজার ছয়শত বার টাকা তেষটি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লে- খ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তির তফসিল

- ১ জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাচলাইশ পরে চান্দগাও হাল- বাকলিয়া, মৌজা- বাকলিয়া, আর এস খতিয়ান নং ৩১৮৬, ৩১৮৮, আর এস প্লট নং- ৭৩১৯, ৭৩১৭, ৭৩৩৪, ৭৩০৫, ৭৩০৬, ৭৩০২, ৭৩০৩, ৭৩০৪, বি.এস খতিয়ান নং- ৭৭৫, বি এস প্লট নং- ১৯৮৮১, ১৯৮৯৪, ১৯৯৭৫, ১৯৯৭৬, ২০০১৬, বি.এস মিউটেশন খতিয়ান নং- ৭৫২১, বি এস প্লট নং- ১৯৮৮১, ১৯৯৭৫, ১৯৯৭৬ মোট জায়গার পরিমাণ -৯.৫০ শতাংশ। তৎসংলগ্ন দুইটি আলাদা আবাসিক ভবন তৎমধ্যে একটি দুই তলা বিশিষ্ট(১৯০০ ক্যার ফিট) এবং অন্যটি এক তলা ভবন।

#### নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩১.১০.২০১৮ ইঁ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখায় রাখিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রির ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-আর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ব হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াশ্ব হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তুরকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তুব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তুরিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম**